

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
বিএসসি শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mos.gov.bd

০১ জ্যৈষ্ঠ, ১৪২৫

তারিখঃ-----

১৫ মে, ২০১৮

পত্র নং-১৮.০০.০০০০.০১৮.২৫.০৫০.১৪-৭৯

প্রেরকঃ মোঃ নজরুল ইসলাম
সিনিয়র সহকারী সচিব

প্রাপকঃ ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশ শিপিং কর্পোরেশন, চট্টগ্রাম।

বিষয়ঃ জনাব মোঃ মিজানুর রহমান, উপ-মহাব্যবস্থাপক ও মহাব্যবস্থাপক (মার্কেটিং) অঃদাঃ কে পবিত্র ওমরাহ হজ্জ পালনের উদ্দেশ্যে বহিঃবাংলাদেশ ছুটি মঞ্জুরসহ সৌদি আরব ভ্রমণের অনুমতি প্রদান।

সূত্রঃ বিএসসির স্মারক নং-১৮.১৬.০০০০.৩৫২.০৮.১৯৪.১৮-১০২৭, তারিখঃ ০৮-০৫-২০১৮ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ শিপিং কর্পোরেশনের উপ-মহাব্যবস্থাপক ও মহাব্যবস্থাপক (মার্কেটিং) অঃদাঃ, জনাব মোঃ মিজানুর রহমান-কে পবিত্র ওমরাহ হজ্জ পালনের উদ্দেশ্যে ২৯-০৫-২০১৮ হতে ০৭-০৬-২০১৮ তারিখ পর্যন্ত অথবা প্রকৃত ভ্রমণের তারিখ হতে ১০ (দশ) দিনের পূর্ণবেতনে বহিঃবাংলাদেশ ছুটিসহ নিম্নবর্ণিত শর্তে সৌদি আরব ভ্রমণের অনুমতি প্রদান করা হলোঃ

- (ক) এ ভ্রমণের যাবতীয় ব্যয়ভার তিনি নিজেই বহন করবেন। এ ব্যাপারে বাংলাদেশ সরকার বা বিএসসির কোন আর্থিক ব্যয়ের সংশ্লিষ্টতা থাকবে না;
- (খ) ভ্রমণকালীন বেতন-ভাতার কোন অংশ তিনি বৈদেশিক মুদ্রায় প্রাপ্য হবেন না;
- (গ) নির্ধারিত সময়ের অতিরিক্ত সময় তিনি সৌদি আরবে অবস্থান করতে পারবেন না;
- (ঘ) অনুমোদিত ভ্রমণ শেষে তিনি বাংলাদেশে প্রত্যাবর্তন করতঃ যথাসময়ে কর্মস্থলে যোগদান করবেন।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

স্বাক্ষরিত/—
১৫-০৫-২০১৮

(মোঃ নজরুল ইসলাম)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৫৮১৭

নং-১৮.০০.০০০০.০১৮.২৫.০৫০.১৪-৭৯

তারিখঃ ১৫ মে, ২০১৮ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ০১। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ০২। মন্যবর রাষ্ট্রদূত, বাংলাদেশ দূতাবাস, রিয়াদ, সৌদি আরব।
- ০৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
- ০৫। পরিচালক, হযরত শাহজালাল (রাঃ) আন্তর্জাতিক বিমান বন্দর, কুর্মিটোলা, ঢাকা।
- ০৬। মহাব্যবস্থাপক, বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ বিভাগ, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
- ০৭। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, ডিভিশনাল কন্ট্রোলার এর কার্যালয়, চট্টগ্রাম।
- ০৮। সচিব-মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৯। জনাব মোঃ মিজানুর রহমান, উপ-মহাব্যবস্থাপক ও মহাব্যবস্থাপক (মার্কেটিং) অঃদাঃ, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, চট্টগ্রাম।
- ১০। সিস্টেম এনালিস্ট, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

স্বাক্ষরিত/—
১৫.৫.২০১৮
(মোঃ নজরুল ইসলাম)
সিনিয়র সহকারী সচিব